

## **া** সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪১৫

১২. কিতাবুস সিয়াম (کتاب الصوم)

পরিচ্ছেদঃ সিয়াম পালনকারী ব্যক্তির মুখের ঘ্রাণ দুনিয়াতেও কোন কোন সময় মিসকের চেয়ে বেশি সুঘ্রাণময় হয় মর্মে বর্ণনা

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ خُلُوفَ فَمِ الصَّائِمِ قَدْ يَكُونُ أَيْضًا أَطْيَبَ مِنْ رِيحِ الْمِسْكِ فِي الدنيا

## আরবী

3415 \_ أَخْبَرَنَا أَبُو عَرُوبَةَ الْحُسَيْنُ بْنُ مُحَمَّد بِحَرَّانَ حَدَّتَنَا بِشْرُ بْنُ خَالِد حَدَّتَنَا مُحَمَّد بِعَوْنَ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ بْنُ جَعْفَرٍ عَنْ شُعْبَةَ عَنْ سُلَيْمَانَ عَنْ ذَكُوانَ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (كُلُّ حَسَنَةٍ يَعْمَلُهَا ابْنُ آدم بعشر حسنات إلى سبع مئة ضعف يَقُولُ اللَّهُ: إِلَّا الصَّوْمَ فَهُو لِي وَأَنَا أَجْزِي بِهِ يَدَعُ الطَّعَامَ مِنْ أَجْلِي وَالشَّرَابَ مِنْ أَجْلِي وَشَهْوَتَهُ مِنْ أَجْلِي وَالشَّرَابَ مِنْ أَجْلِي وَشَهُوتَهُ مِنْ أَجْلِي وَالْمَهُونَةُ مِنْ أَجْلِي وَالْمَلْوَقِ مَ وَلِلصَّائِمِ فَرْحَتَانِ: فَرْحَةٌ حِينَ يُفْطِرُ وَفَرْحَةٌ حِينَ يَلْقَى رَبَّهُ وَلَلْمَائِمِ حِينَ يَخْلُفُ مِنَ الطَّعَامِ أَطْيَبُ عِنْدَ اللَّهِ مِن ريح المسك) وَلَخُلُوفَ فَمِ الصَّائِمِ حِينَ يَخْلُفُ مِنَ الطَّعَامِ أَطْيَبُ عِنْدَ اللَّهِ مِن ريح المسك) الراوي : أَبُو هُرَيْرَةَ ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الراوي : أَبُو هُرَيْرَةَ ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: \$415 ا خلاصة حكم المحدث: صحيح \_ ((صحيح الترغيب)) الصفحة أو الرقم: \$415 ا خلاصة حكم المحدث: صحيح \_ ((صحيح الترغيب))

## বাংলা

৩৪১৫. আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "আদম সন্তান যে কোন ভালো কাজ করলে তা ১০ গুণ থেকে ৭০০ গুণ পর্যন্ত সাওয়াব হয়। আল্লাহ বলেন, "তবে সিয়াম ব্যতীত। এটা আমার জন্য আর আমি নিজে সেটার প্রতিদান দিবো। সে আমার জন্য খাবার, আমার জন্য পানীয়, আমার জন্য প্রবৃত্তির চাহিদামূলক কাজসমূহ পরিহার করে, আর আমি নিজেই সেটার প্রতিদান দিবো। সিয়াম পালনকারী ব্যক্তির দুটি খুশির মুহূর্ত রয়েছে। একটি খুশির মুহূর্ত হলো যখন সে ইফতার করে আর আরেক খুশি যখন সে তার প্রভুর সাথে সাক্ষাত করবে। সিয়াম পালনকারী ব্যক্তি যখন খাবার ছেড়ে দেয়, তখন তার মুখের ঘ্রাণ, মিসকের চেয়ে বেশি সুঘ্রাণময় হয়।"[1]



## ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/৫; মুসনাদ আহমাদ: ২/৪৪৩; সহীহ মুসলিম: ১১৫১; ইবনু মাজাহ: ১৬৩৮; সুনান বাইহাকী: ৪/৩০৪; বাগাবী: ১৭১০; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৭৮৯৩; সহীহুল বুখারী: ৭৪৯২; সহীহ ইবনু খুযাইমাহ: ১৮৯৭; নাসাঈ: ৪/১৬৪; মুয়ান্তা ইমাম মালিক: ১/৩১০; আত তায়ালিসী: ২৪৮৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহুত তারগীব: ৯৬৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন